# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ ঝড়-বাতাসের সময়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঝড়-বাতাসের সময়

ঝড় বা ঝোড়ো বাতাসকে গালি না দিয়ে নিম্নের দুআ পঠনীয়।

১।

اللَّهُمَّ إنِّي أَسْأَلُكَ خَيْرَها، وأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা খাইরাহা অ আউযু বিকা মিন শাররিহা।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট এর মঙ্গল প্রার্থনা করছি এবং এর অনিষ্ট থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি। (আবু দাউদ ৪/৩২৬; সহীহ ইবনে মাজাহ ২/৩০৫)

২।

اللَّهُمَّ إنِّي أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا فِيهَا وَخَيْرَ مَا أُرْسِلَتْ بِهِ ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا فِيهَا وَشَرِّ مَا أُرْسِلَتْ بِهِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আসআলকা খাইরাহা অখাইরা মা ফীহা অখাইরা মা উরসিলাতবিহ, অআউযুবিকা মিন শাররিহা অশাররি মা ফীহা অশারি মা উরসিলাত বিহ।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি এর কল্যাণ, এর মধ্যে যা আছে তার কল্যাণ এবং যার সাথে এ প্রেরিত হয়েছে তার কল্যাণ তোমার নিকট প্রার্থনা করছি। আর এর অনিষ্ট, এর মধ্যে যা আছে তার অনিষ্ট এবং যার সাথে এ প্রেরিত হয়েছে তার অনিষ্ট হতে পানাহ চাচ্ছি। (বুখারী ৪/৭৬ মুঃ ২/৬১৬)

“আল্লা-হুম্মাজআলহা রিয়া-হান--” হাদীসটি বাতিল হাদীস। (সিঃ সহীহাহ ৬/৬০২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11762

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন